

## কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
গবেষণা-২ অধিশাখা  
www.moa.gov.bd

নং-১২.০৬৪.০০০০.২৪.১১.০৩.২০১৩-৩৬০

তারিখ : ০৭/১০/২০১৫ খ্রিষ্টাব্দ  
২২/০৬/১৪২২ বঙ্গাব্দ

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১/০২/২০১৫ খ্রিঃ তারিখের নম্বরঃ ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯২২/২০১৫/২৬ সংখ্যক পত্রের সুপারিশ এবং পুলিশ প্রত্যয়ন ও স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তির পরিশ্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ড-এর ২য় শ্রেণীর ১০ম গ্রেডভুক্ত “সহকারী বীজ তুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা”র স্থায়ী পদে নিম্ন বর্ণিত প্রার্থীদেরকে নিম্নোক্ত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	প্রার্থীর নাম ও ঠিকানা	রেজিঃ নম্বর	নিজ জেলা
০১	জেড. এম. রাকিবুল ইসলাম পিতা- সৈয়দ আলী গ্রাম- হাতিকাটা, ডাকঘর-আলুকদিয়া, উপজেলা-চুয়াডাংগা, জেলা- চুয়াডাংগা।	০০০১৩০	চুয়াডাংগা
০২	পুষ্পিকা রায় পিতা-সুনীল কুমার রায় গ্রাম-নলদীঘি, ডাকঘর-সাহাগোলা, উপজেলা-রানীনগর, জেলা- নওগাঁ।	০০০১১২	নওগাঁ

#### শর্তাবলী :

- তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০/- বেতনক্রমে এবং প্রচলিত সরকারী নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি পাবেন ;
- চাকুরীতে যোগদানের জন্য তাঁকে কোন ভ্রমণ ভাতা বা অন্য কোন ভাতা দেওয়া হবে না ;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করতে অঙ্গীকারাবদ্ধ থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;
- তাঁকে ০২(দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তাঁর চাকুরী বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হয় তবে কোন কারণ ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরী হতে অপসারণ করা হবে ;
- এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং অবশ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। বর্ণিত প্রার্থী আগামী ২০/১০/২০১৫ খ্রিঃ তারিখে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকায় যোগদান করবেন এবং উক্ত নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আবু জুবাইর হোসেন)

উপ-সচিব

ফোন: ৯৫৪০৬০৩

নং-১২.০৬৪.০০০০.২৪.১১.০৩.২০১৩-৩৬০(১১)

তারিখ : ০৭/১০/২০১৫ খ্রিষ্টাব্দ  
২২/০৬/১৪২২ বঙ্গাব্দ

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে, জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৯. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জেড. এম. রাকিবুল ইসলাম, পিতা-সৈয়দ আলী, গ্রাম-হাতিকাটা, ডাকঘর-আলুকদিয়া, উপজেলা-চুয়াডাংগা, জেলা- চুয়াডাংগা।
১১. পুষ্পিকা রায় পিতা-সুনীল কুমার রায়, গ্রাম-নলদীঘি, ডাকঘর-সাহাগোলা, উপজেলা-রানীনগর, জেলা- নওগাঁ।

(মোঃ আবু জুবাইর হোসেন)  
উপ-সচিব